

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন-বিভাগঃ

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে, ১৯৬৫ সালের প্রতিষ্ঠা লগ্ন থেকে লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগের কার্যক্রম শুরু হয়। তখন এ লাইব্রেরিটি বিভিন্ন কক্ষে বিচ্ছিন্ন অবস্থায় ছিল। পরবর্তীতে বর্তমান মিউজিয়ামের ভবন নির্মাণের পর ২০০৫ সালে প্রশাসনিক ভবনের উত্তর পূর্ব কোনো ত্যায় তলায় ৩৬০০ বর্গ ফুটের এ লাইব্রেরিটি স্থানান্তর করা হয়। শীতাতপ নিয়ন্ত্রিত এ লাইব্রেরিতে একসাথে পঞ্চাশ জন পাঠক পাঠ কার্যক্রম সম্পন্ন করতে পারে। এতে বিজ্ঞান বিষয়ক দেশী-বিদেশী বিভিন্ন ধরণের ছয় হাজার বই, সাময়িকী ও প্রকাশনা রয়েছে।

লাইব্রেরি ডিজিটাইজেশনঃ

লাইব্রেরিটি ওয়াই-ফাই সুবিধা সমৃদ্ধ। এর ডাটাবেইজ সম্পন্ন করণের প্রক্রিয়া চলমান। প্রায় ১২২৩ কপি বইয়ের ডাটাবেইজের কাজ ইত্যধ্যে সম্পন্ন হয়েছে। লাইব্রেরির কম্পিউটারের অফলাইন ডাটাবেইজ থেকে পুস্তক সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়।

লাইব্রেরির পাঠকঃ ছাত্র, শিক্ষক, গবেষক, দর্শনার্থী, তরণ বিজ্ঞানী এবং বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ।

লাইব্রেরির সময়সূচীঃ

সরকারি ছুটির দিন ব্যতীত রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ০৯.০০ টা হতে বিকেল ০৫.০০ টা পর্যন্ত লাইব্রেরিটি পাঠকদের জন্য খোলা থাকে।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের প্রকাশনাঃ

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের বিভিন্ন প্রকাশনা রয়েছে তন্মধ্যে উল্লেখযোগ্য হলোঃ

- ১। ত্রৈমাসিক ‘নবীন বিজ্ঞানী’ পত্রিকা।
- ২। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সঞ্চাহের বাস্তৱিক প্রতিবেদন।
- ৩। তরণ ও অপেশাদার বিজ্ঞানীদের উভাবিত প্রকল্পের প্রতিবেদন ‘উভাবন’।
- ৪। জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালার সংকলন।
- ৫। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সংক্ষিপ্ত বিবরণ সম্পর্কিত পুস্তিকা।
- ৬। কার্যক্রম বাস্তবায়নমূলক প্রকাশনা।